



## অপরাধ কমাতে শরিয়া আইনই সমাধান: শায়খ আহমাদুল্লাহ



আস-সুন্নাহ ফাউন্ডেশনের চেয়ারম্যান শায়খ আহমাদুল্লাহ। ছবি: সংগৃহীত

শিশু রামিসা আক্তার হত্যাকাণ্ডসহ দেশে ঘটে যাওয়া ভয়াবহ অপরাধ ও নৃশংসতা কমাতে শরিয়া আইন প্রয়োগকে একমাত্র কার্যকর সমাধান হিসেবে উল্লেখ করেছেন আস-সুন্নাহ ফাউন্ডেশনের চেয়ারম্যান শায়খ আহমাদুল্লাহ।

বুধবার (২০ মে) বিকেলে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে তিনি এই মন্তব্য করেন।

তিনি লেখেন, সাত বছরের একটি শিশুও যেখানে নিরাপদ নয়, সেখানে জড়িতদের মানুষ বলা যায় না। এমন পরিস্থিতি নিয়ন্ত্রণে শরিয়া আইনকেই তিনি সমাধান হিসেবে তুলে ধরেন। আরেকটি মন্তব্যে তিনি বলেন, নৈতিক অবক্ষয়, ধর্মীয় মূল্যবোধের ঘাটতি, বিকৃত রুচি, অবাধ যৌনতা এবং অপরাধের যথাযথ বিচার না হওয়া এসব ঘটনার পেছনে বড় ভূমিকা রাখছে। এ অবস্থায় নৈতিক শিক্ষা ও কঠোর আইনশৃঙ্খলা ব্যবস্থা দুটোই প্রয়োজন বলে তিনি মত দেন।

এদিকে রাজধানীর পল্লবীর একটি বাসা থেকে মঙ্গলবার সকালে দ্বিতীয় শ্রেণির ছাত্রী রামিসার খণ্ডিত মরদেহ উদ্ধার করে পুলিশ। পরে এ ঘটনায় দুইজনকে গ্রেপ্তার করা হয়েছে।